রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**বিআরটিএ সংস্থাপন অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ এপ্রিল, ২০১৫

**নং ৩৫.০২০.০১৭.০০.০০.০০১.২০১১(অংশ-১)-১৮১**—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলা পরিষদের সাধারণ নির্বাচনে ভোটগ্রহণ আগামী ০৯ মে, ২০১৫ তারিখ অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল্‌স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ) এর ৮৮ ধারা অনুযায়ী কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলা পরিষদ নির্বাচনের ভোটগ্রহণ উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২:০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| (১) | বেবী ট্যাক্সি/অটোরিকশা/ইজিবাইক | (৪) জীপ | (৭) বাস |
| (২) | ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) | মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

২। এছাড়া, ভোটগ্রহণের পূর্ববর্তী ৩ (তিন) দিন হতে ভোটগ্রহণের দিন মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে),


**মূল্য ঃ** টাকা ৪.০০

নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ কামরুল আহসান**
উপসচিব ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd